শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭(অংশ)-৬৬১ তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৬ / ১১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ মামলার রায়/আদেশের আলোকে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসার সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকার এর সাময়িক বরখাস্তকালীন সময়ের জানুয়ারি/১৪ হতে মে/১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান বিষয়ক আবেদন।

সূত্র:
(১) সংশ্লিষ্ট মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকার এর আবেদন তারিখ: ০১.০৭.১৯ খ্রি।
(২) ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসার স্মারক নং-ঝো.শা.ছা.দা.মা.পী/রং তারিখ: ২৪.০৬.১৯ খ্রি.।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-২৪২ তারিখ: ০২.০৫.১৯ খ্রি.।
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং--৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৭.১৮-৩৪৭, তারিখ: ১২.১১.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকার-কে বর্ণিত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি কর্তৃক বিগত ৩১.০১.১৪ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। সহকারী সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: ইয়াহিয়া সরকারকে জানুয়ারি/১৪ হতে সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রদান করা হয় নাই।

০২। পরবর্তীতে TMED কর্তৃক সূত্র (৩) এবং DME কর্তৃক সূত্র (৪) মূলের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ মামলার আদেশের আলোকে মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক সহকারী সুপার (সাময়িক বরখাস্তকৃত) মো: ইয়াহিয়া সরকার এর অনুকূলে জুন/১৮ হতে মে/১৯ পর্যন্ত বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয় মর্মে সূত্রে (২) এ বর্ণিত স্মারকমূলে অবগত করা হয়।

০৩। বর্তমানে সহকারী সুপারের বেতন ভাতা (এমপিও) চালু রয়েছে। তিনি বর্তমানে মাদ্রাসায় কর্মরত এবং দায়িত্ব পালন করছেন। তিনি সাময়িক বরখাস্তকালীন সময় অর্থাৎ জানুয়ারি/১৪ হতে মে/১৮ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) পান নাই।

০৪। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ মামলার আদেশের আলোকে সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) জানুয়ারি/১৪ হতে মে/১৮ পর্যন্ত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনকারী কর্তৃক সূত্র (১) মূলে সচিব মহোদয় বরাবর আবেদন করা হয় ।

০৫। উল্লেখ্য যে, বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক/কর্মচারীকে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে উক্ত শিক্ষক পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাসমূহ (এমপিও) প্রাপ্য হবেন মর্মে উক্ত রিট মমলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে ।

০৬। সাময়িক বরখাস্তকৃত সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকার -কে গত ৩১.০১.২০১৪ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ (ষাট) দিনের বেশি হওয়ায় ইতোমধ্যে প্রতিষ্ঠান কর্তৃক জুন/১৮ হতে মে/১৯ পর্যন্ত বেতন ভাতা (এমপিও) জনাব মো: ইয়াহিয়া সরকার এর অনুকূলে ছাড় করা হয়েছে বিধায় তাঁর পদের পূর্ণ এমপিও (মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী) জানুয়ারি/১৪ হতে মে/১৮ পর্যন্ত বেতন ভাতাদি মাদ্রাসার নিজস্ব তহবিল থেকে পাওয়ার অধিকারী।

০৭। যেহেতু সাময়িক বরখাস্তকৃত সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকারকে প্রতিষ্ঠান কর্তৃক জুন/১৮ হতে মে/১৯ পর্যন্ত বেতন ভাতা (এমপিও) প্রদানসহ সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে এমপিও চালুকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন -ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (মার্চ,২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) নির্দেশনা (মামলাকালীন প্রযোজ্য বিধান) অনুযায়ী সামিয়ক বরখাস্তকরণের তারিখ (৩১.০১.১৪) অর্থাৎ জানুয়ারি/১৪ হতে মে/১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ সরকার পক্ষ হতে প্রদানের সুযোগ না থাকায় উক্ত সময়ের বেতন সুবিধাদি মাদ্রাসার নিজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা আবশ্যক।

০৮। এমতাবস্থায়, যেহেতু প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি কর্তৃক সহকারী সুপার জনাব মো: ইয়াহিয়া সরকারকে সামিয়ক বরখাস্ত করা হয়েছে সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন -ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) নির্দেশনা (মামলাকালীন প্রযোজ্য বিধান) অনুযায়ী বরখাস্তকরণের তারিখ ৩১/০১/১৪ হতে মে/১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ সরকার পক্ষ হতে প্রদানের সুযোগ না থাকায় উক্ত সময়ের বেতন সুবিধাদি মাদ্রাসার নিজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করে আগামী ৩১.১২.১৯ তারিখর মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

১১.১২.১৯
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক,
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সুপার, ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসা, উপজেলা- পীরগঞ্জ, জেলা-রংপুর।
৬। জনাব মো: ইয়াহিয়া সরকার, সাময়িক বরখাস্তকৃত সহকারি সুপার, ঝোরারঘাট শাহ ছালেক দাখিল মাদ্রাসা, উপজেলা-পীরগঞ্জ, জেলা-রংপুর।
৭। অফিস কপি/মাস্টার কপি।